REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৮শে কার্ত্তিক বুধবার ১৩৩৫ ইংরাজী 14th November 1928. | ২৫শে সংখ্যা।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হইতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴২০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে। সম্পাদক, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

পরীক্ষার্থী ছাত্র ও যুবকদিগের
সুবর্ণ সুযোগ।

**MEMORY TABLET**

বা

## স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্নদোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১।০ পাঁচ সিকা।

এজেন্টস্ঃ—
এন্, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"কিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মুল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে
মূল্য আট আনা মাত্র




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।
ডাক ব্যয় স্বতন্ত্র।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

[ ৯ ]

### ১৯০৯ ফ্রেঞ্চ ফন্সিয়ার বণ্ড

সুদ বাৎসরিক ৩ পারসেণ্ট হিসাবে ৭ ফ্রাঙ্ক ৫০ সেন্টিম্‌স্‌।

প্রতি মাসের ৫ই ড্রইং বা লটারী হয়। বৎসরে ১২ বার লক্ষপতি হইবার সুযোগ।

ফেব্রুয়ারী, এপ্রিল, জুন, আগষ্ট, অক্টোবর, ডিসেম্বর মাসে

| | | | | |
|---|---|---|---|---|
| ১ম পুরস্কার | ... | ... | ... | ১০০,০০০ ফ্রাঙ্ক |
| ২য় পুরস্কার | ... | ... | ... | ১০,০০০ ফ্রাঙ্ক |

তৎপর ১০টী পুরস্কার প্রত্যেকটী ১,০০০ ফ্রাঙ্ক হিসাবে
" ৬০টী পুরস্কার প্রত্যেকটী ৫০০ ফ্রাঙ্ক হিসাবে

জানুয়ারী, মার্চ্চ, মে, জুলাই, সেপ্টেম্বর' নভেম্বর মাসে প্রথম পুরস্কার ৫০,০০০ ফ্রাঙ্ক অন্যান্য পুরস্কার উপরের মত।

[ ১০ ]

নগদ মূল্য ৮০৲। মাসিক ১০৲ হিসাবে ৯ কিস্তিতে ৯০৲
মাসিক ৫৲ হিসাবে ২০ কিস্তিতে ১০০৲

### ১৯১২ ফ্রেঞ্চ ফন্সিয়ার বণ্ড

সুদ বার্ষিক তিন পারসেণ্ট হিসাবে ৭ ফ্রাঙ্ক ৫০ সেন্টিম্‌স্‌
( ১লা জুন ও ১লা ডিসেম্বর পাইবেন )
প্রত্যেক মাসের ২২শে ড্রইং হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| প্রথম পুরস্কার | ... | ... | ... | ১০০,০০০ ফ্রাঙ্ক |
| দ্বিতীয় পুরস্কার | ... | ... | ... | ১০,০০০ ফ্রাঙ্ক |

তৎপরে ১২টী পুরস্কার প্রত্যেকটী ১,০০০ ফ্রাঙ্ক
" ৬০টী পুরস্কার প্রত্যেকটী ৫০০ ফ্রাঙ্ক।

নগদ মূল্য ৮০৲। মাসিক ১০৲ হিসাবে ৯ কিস্তিতে ৯০৲
মাসিক ৫৲ হিসাবে ২০ কিস্তিতে ১০০৲

[ ১১ ]

### ১৯২১ বেলজিয়ম রেষ্টোরেশন বণ্ড

সুদ বাৎসরিক ৫ পারসেণ্ট হিসাবে ১২ ফ্রাঙ্ক ৫০ সেন্টিম্‌।
প্রতি মাসের ১০ই ড্রইং বা লটারী হয়।

জুন মাসে—

প্রথম পুরস্কার ১০০০,০০০ দশ লক্ষ ফ্রাঙ্ক
তিনটী দ্বিতীয় পুরস্কার ১০০,০০০ এক লক্ষ ফ্রাঙ্ক হিসাবে প্রতিটী।

সেপ্টেম্বর, মার্চ্চ, ও ডিসেম্বরে—

| | | | |
|---|---|---|---|
| প্রথম পুরস্কার | ... | ... | ... ৫০০,০০০ পাঁচ লক্ষ ফ্রাঙ্ক |
| দুটী দ্বিতীয় পুরস্কার | ... | প্রত্যেকটী | ১০০,০০০ এক লক্ষ ফ্রাঙ্ক |

অন্যান্য মাসে—

| | | | |
|---|---|---|---|
| প্রথম পুরস্কার | ... | ... | ২৫০,০০০ আড়াই লক্ষ ফ্রাঙ্ক |
| দুটী দ্বিতীয় পুরস্কার প্রত্যেকটী | | | ১০০,০০০ এক লক্ষ ফ্রাঙ্ক |

[ ১২ ]

( ১৯৩২ খৃষ্টাব্দের পর ড্রইংএ সামান্য পরিবর্ত্তন হইবে )
নগদ মূল্য ৯০৲। মাসিক ১০৲ হিসাবে দশ মাসে ১০০৲।

### ( কোয়াটার ) সিটি অব প্যারিস বণ্ড।

শতকরা বার্ষিক ২ হইতে ২½ পার্সেণ্ট সুদ।
বৎসরে ৪ বার ড্রইং হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| প্রথম পুরস্কার | ... | ... | ... | ২০০০০ ফ্রাঙ্ক |
| দ্বিতীয় ২টী | ... | প্রত্যেকটী | | ২০০০ ফ্রাঙ্ক |
| তৃতীয় ৩০টী | ... | " | | ২০০ ফ্রাঙ্ক |

কোন কোন সিটি অব প্যারিসের পুরস্কার ১মটী ৪০০০০ ফ্রাঙ্ক ও আছে। ষ্টকে যাহা থাকে তাহার মধ্যে উত্তম বণ্ড বাছিয়া দেওয়া হয়। নগদ দাম ৪২৲ টাকা। কিস্তিবন্দী হিসাবে প্রথম কিস্তি ১০৲ তৎপরে ৮ কিস্তি ৫৲ হিসাবে ৪০৲ মোট ৫০৲ টাকা।


## আর কিসের ভাবনা

ডাঃ ব্যানার্জ্জির আবিষ্কৃত ঔষধ ব্যবহার করিয়া নিরাময় হউন।

**জ্বরাঙ্কুশ**—সর্ব্বপ্রকার জ্বরের অমোঘ অব্যর্থ মহৌষধ। শত শত রোগী আরোগ্য লাভ করিয়া ইহার গুণকীর্ত্তন করিতেছে, খাইতে খারাপ নহে। মূল্য ।৵৹

**সিমোলীন**—পাচড়া, খোস, চুলকনা, সর্ব্বপ্রকার ক্ষত ঘা, উপদংশ ঘা প্রভৃতির মহৌষধ। তিন দিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইবে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য মাত্র ।৵৹

**সর্ব্বদদ্রুনাশন**—বাজারের দাদের মলম হইতে ভাল কিনা পরীক্ষা করিলেই বুঝিতে পারিবেন। কাপড়ে দাগ লাগিবে না। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য ।৹

পাইকারী ডজন দর স্বতন্ত্র। মাশুল পৃথক লাগিবে। এজেণ্টগণের সহিত বিশেষ ব্যবস্থা করা যায়।

সোল এজেণ্ট :—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## অর্ডার ফরম।

প্রিমিয়ম বণ্ড-সাপ্লাই এজেন্সির স্বত্বাধিকারী মহাশয় সমীপেষু—

মোঃ ১৩২ বাঘমারী ভিলা ( ইষ্টার্ণ গেট ) কলিকাতা।

আমি.................................বণ্ড নগদ / কিস্তিবন্দীতে লইব। ইহার পূর্ণ মূল্য / ১ম কিস্তি ............টাকা পাঠাইলাম। আপনি টাকা পাইবামাত্র বণ্ড / কণ্ট্রাক্ট নোট আমার নামে রেজেষ্টারী ডাকে পাঠাইবেন। পৃষ্ঠেরলিখিত সর্ত্তে আমি এবং আপনি উভয়ে বাধ্য থাকিব ও থাকিবেন।

স্বাক্ষর

তারিখ..............
সাল..............

শ্রী
গ্রাম
পোষ্ট
জেলা

### সর্ত্ত।

(১) মনিঅর্ডারের 'একনলেজমেণ্ট' আপনার বা আপনার ভারপ্রাপ্ত কর্ম্মচারীর স্বাক্ষরযুক্ত প্রাপ্তি স্বীকার রসিদই আপনার টাকা লওয়ার রসিদ বলিয়া গ্রাহ্য হইবে।

(২) যে দেশের বণ্ড পাঠাইবেন তাহা যদি জাল জুয়াচুরী হয় কিম্বা উহা উক্ত দেশের গবর্ণমেণ্টের অনুমোদিত বিশুদ্ধ বণ্ড না হয় তাহা হইলে আপনি আইনানুসারে দণ্ডনীয় হইবেন। এবং আমার প্রেরিত টাকার মায় ক্ষতিপূরণ সহ দায়ী হইবেন।

(৩) নগদ ক্রয় স্থলে আমার নিকট বণ্ড না পৌছান পর্য্যন্ত আপনি আমার প্রেরিত টাকার মায় ক্ষতিপূরণ দায়ী থাকিবেন। আমি বণ্ড পাইলেই আপনি দায় মুক্ত।

(৪) কিস্তিবন্দী স্থলে প্রিমিয়ম বণ্ড বিক্রয়ের অধিকারী প্যারিস ( ফ্রান্সের রাজধানী ) নগরীর বা উক্ত নগরের সহিত সাক্ষ্যাৎ সম্বন্ধে সংশ্লিষ্ট উপযুক্ত ব্যক্তি বা ব্যাঙ্কার বা কোম্পানীর নিকট উপযুক্ত কাগজে আমার নামে আমার অনুকূলে আইনতঃ সমস্ত সুবিধার উল্লেখ করিয়া কণ্ট্রাক্ট লিখাইয়া লইয়া সেই দলিল আমার নিকট প্রেরণ না করা পর্য্যন্ত আপনি আমার প্রেরিত টাকার জন্য মায় ক্ষতিপূরণ দায়ী থাকিবেন। কণ্ট্রাক্ট নোট দলিল আমার নিকট পৌছিলেই আপনি দায়মুক্ত।


(৫) আমাকে প্রিমিয়ম বণ্ড কিনিয়া দিলেন বলিয়া আমার নিকট কোন কমিশন বা পুরস্কার দাবি করিতে পারিবেন না।

স্বাক্ষর

শ্রী...........................................

তারিখ
সাল

গ্রাম
পোঃ
জিঃ



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে কার্ত্তিক বুধবার ১৩৩৫ সাল।

## হিন্দুর মাতৃমূর্ত্তি।

—:০:—

হিন্দুর বার মাসে তের পূজা। পৃথক পৃথক মূর্ত্তিতে দেবতার আরাধনার ব্যবস্থা হিন্দুর আছে। তন্মধ্যে হিন্দু বহুবার মাতৃমূর্ত্তিতে দেবতার আরাধনা করিয়া থাকে। শরৎ কালে মাকে দশভুজারূপে পূজা করিয়াছে। কয়েক দিন পরেই ধন সম্পাদদায়িনী কমলারূপে মাকে আবাহন করিয়াছিল। আবার অমাবস্যার ঘোর তমসাচ্ছন্ন মহানিশাতে মায়ের শ্যামা মূর্ত্তির পূজা করিয়াছে। ভক্তের কামনা—শান্তি। যাঁহার যে বস্তু কাম্য সেই কাম্য বস্তু ও কাম্য ফল পাইবার জন্য স্ব স্ব অভীষ্ট দেবীর পূজার ব্যবস্থা করিয়া থাকে। তন্মধ্যে দশভুজা দুর্গা ও চতুর্ভুজা শ্যামা মূর্ত্তি রণরঙ্গিনী রূপে আবির্ভূতা হইয়া থাকেন। কামনার অন্ত নাই। এক্ষণে তন্ত্রোক্ত পদ্ধতিতে যেমন উল্লেখ আছে ভাড়াটে পূজক যজমানের হ'য়ে সেই পদ্ধতিতে পূজা করিয়া থাকেন। যজমানের অন্তরের ভাব যে কি তা পুরোহিত জানেন না। পূজায় রত হইয়াই পদ্ধতি অনুসারে সব স্থানেই একই পূজা করা দেখা যায়। ইহাতে আন্তরিকতা কার কতটুকু তা নির্ণীত হয় না। যজমানের কৌলিক বজায়, বাপ পিতামহের কীর্ত্তি রাখা। পুরোহিতেরও ব্যবসায় ও বৃত্তি বজায় ভিন্ন আর কিছু অধিকাংশ স্থলেই নাই বলিলেই হয়। শক্তিরূপিনী মায়ের সাধনা করিয়া শক্তি ও সিদ্ধি লাভের ইচ্ছা কয়জন ভক্তের আছে তা' যাঁহারা পূজার আয়োজন করেন তাঁহারা নিষ্কপট চিত্তে স্বীকার না করিলে ইহার স্বরূপ প্রকাশ করা সাধারণের কর্ম্ম নয়। বাহ্য দৃশ্যে আমাদের মনে হয়। সাধনার জন্য যে পূজা অনুষ্ঠিত হইত আজ তাহা উৎসবে পরিণত হইয়াছে। মায়ের অসুরনাশিনী বরাভয়দায়িনী মূর্ত্তি আমরা দেখি বটে কিন্তু মুক্তিদায়িনীর নিকট মুক্তি কামনা করিবার অধিকার কয়জনের আছে ?

আমরা বলি—মায়ের নিকট এখন অন্য কামনা করার আগে ভক্তের কামনা হওয়া উচিত—দে মা দেশে মানুষ দে।

দেশে সব আছে, নাই মানুষ। মানুষের রূপধারী কোটি জীব এদেশে আছে কিন্তু সত্যিকার মানুষ নাই বলিলেই হয়। এদেশে খাদ্যের দুর্ভিক্ষ অপেক্ষা মানুষের দুর্ভিক্ষ বেশী। দে মা মানুষ দে।

দেশে চাঁদা মারা, ব্যাঙ্ক মারা, গরীবের সর্ব্বস্ব মারা, বিধবার সম্পত্তি মারা, ভাইয়ের বুকে ছুরি মারা মানুষের অভাব নাই। এদেশে বন্ধুবেশী শত্রু, ঘরসন্ধানী বিভীষণরূপী গোয়েন্দা, পক্ষপাতী বিচারক, লম্পট স্কুল মাষ্টার, চরিত্রহীন গুরু পুরোহিতের অভাব নাই। খাঁটি মানুষ খুব বিরল। প্রকৃত মানুষের অভাব বলিয়া আমাদের এ দুর্গতি। দেশভক্ত একজন হয় তো দেশদ্রোহী লক্ষ জন। তাই বলি মা অসুর-নাশিনী যদি দেশের তোর খাঁটি পূজার পুনঃ প্রতিষ্ঠা করিতে চাস্ এই সকল অসুর-প্রবৃত্তি নষ্ট কর মা—ভারতের অমর কবি ভারতচন্দ্র ভক্তিভরে একদিন তোর মূর্ত্তি আরাধনা ক'রে বলেছিলেন আর আমরাও তাঁরই ভাষায় বল্‌ছি।

জয় দেবি জগন্ময়ি,
দীন দয়াময়ি,
শৈল সুতে করুণানিকরে।
জয় চণ্ড বিনাশিনি,
মুণ্ড নিপাতিনি,
দুর্গে বিঘাতিনি মোক্ষতরে॥
জয় কালি—কপালিনি
মস্তক মালিনি
খর্পরধারিনি শূল ধরে।
জয় চণ্ডি দিগম্বরি
ঈশ্বরি শঙ্করি
কৌশিকি ভারতভীতি হরে॥

———

কার্য্যভার গ্রহণ। জঙ্গিপুরের সাবডিভিসনাল অফিসার বাবু চারুচন্দ্র গুপ্ত মহাশয় অবকাশান্তে পুনরায় মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

———

স্বাস্থ্য। এতদঞ্চলের সহর ও মফঃস্বলের স্বাস্থ্য অন্যান্য বৎসরের তুলনায় এ বৎসর বেশ ভাল আছে। এখন এমনি থাকলে বাঁচা যায়।

———

চিকিৎসা সঙ্কট। গত ২৭শে কার্ত্তিক মঙ্গলবার রঘুনাথগঞ্জ হরিসভা ঘরের সামনে দেশবন্ধু পাঠাগারের মেম্বরগণ কর্ত্তৃক 'চিকিৎসা সঙ্কট' অভিনীত হইয়াছে। সিন ড্রেস না থাকা সত্ত্বেও কাপড় চাদর টাঙাইয়া অভিনয় হইয়াছিল। স্থানীয় গণ্যমান্য বহু ভদ্রলোক উপস্থিত ছিলেন। অভিনয় অতি সুন্দর হইয়াছিল। কথায় বলে, খেল্‌তে জানলে কাণা কড়িতে খেলা হয়।

———

সূর্য্য গ্রহণ। গত ২৬শে কার্ত্তিক সোমবার সূর্য্য গ্রহণ উপলক্ষে রাঢ় অঞ্চল হইতে বহু যাত্রীর সমাগম হইয়াছিল। খাবারের দোকানগুলিতে বেশ বিক্রী হইয়াছে। অন্যান্য দোকানে ভাল বিক্রী হয় নাই; তার কারণ গত বৎসরের অজন্মা।

———

কালী পূজা। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে অনেকগুলি কালী প্রতিমা হয়। সমস্ত পূজাই নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

———

বনবীর। স্থানীয় ব্যায়াম সমিতির সদস্যগণের চেষ্টায় 'বনবীর' নাটকের রিহার্সাল চলিতেছে। কলিকাতা হইতে সিন আসিয়াছে, শীঘ্রই অভিনয় হইবে।

———

বহরমপুরে নির্ব্বাচন। বহরমপুর মিউনিসিপালিটির কমিশনর নির্ব্বাচন শীঘ্রই হইবে। বাবু মহলে সাড়া পড়িয়াছে। সমস্ত ওয়ার্ডে প্রার্থী খাড়া হইয়াছে। গোরাবাজার ওয়ার্ডে ডোমন চামার দাঁড়াইয়াছে বলিয়া সহযোগী 'মুর্শিদাবাদ হিতৈষী' দুঃখ প্রকাশ করিয়াছেন। ইহা আর আশ্চর্য্য কি ? এত সামান্য মিউনিসিপাল ইলেক্সন্। সেবারে বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচনে নোয়াখালি হইতে রসিক চর্ম্মকার নির্ব্বাচিত হইয়াছিল। তা ডোমন তো রসিকেরই স্বজাতি।

———

কংগ্রেসে যোগদান করিবার জন্য আগামী ডিসেম্বরের মধ্যভাগে মহাত্মা গান্ধী কলিকাতায় আগমন করিবেন।

———

লাহোর ওরিয়েণ্টাল কলেজের প্রিন্সিপ্যাল মিঃ এ, সি, গুলগার পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের নূতন ভাইস চ্যান্সেলর নিযুক্ত হইয়াছেন।

———

বাঙ্গালী পর্য্যটক শ্রীযুক্ত সুশান্তকুমার সিংহ শীঘ্রই পৃথিবী পর্য্যটনে বাহির হইবেন।

———

গত ২১শে অক্টোবর ৩০ বৎসর বয়স্ক একটী বাঙ্গালী কয়েদী জলপাইগুড়ি জেলে আত্মহত্যা করিয়াছে।

———

রাজবন্দী অধ্যাপক জ্যোতিষচন্দ্র ঘোষ এতদিন চুচুড়ায় স্বগৃহে আটক ছিলেন। তিনি সম্প্রতি মুক্তি পাইয়াছেন। কিন্তু ঠিকানা পরিবর্ত্তন করিতে হইলে তাঁহাকে পুলিশে সংবাদ দিতে হইবে।

———

বৈজ্ঞানিক মহলে প্রবল জনরব এই যে, এ বৎসর জড়বিজ্ঞানের জন্য অধ্যাপক রমণ নোবেল প্রাইজ পাইবেন।

———

বিচারপতি মিঃ এইচ, পি, ডুবালের অবসর গ্রহণে কলিকাতা হাইকোর্টে যে বিচারপতির পদ খালি হইয়াছিল মিঃ আর, ই, জ্যাক, আই সি, এস সেই পদে নিযুক্ত হইয়াছেন।

———

বিলাতের গ্রেজ ইন্ নামক আইন পরিষদের ব্যারিষ্টারী পরীক্ষায় এ বৎসর ২০টী ছাত্রী পাশ করিয়াছে।

———

লিলুয়ার এক পুষ্করিণীতে সন্তরণ করিবার সময় মিঃ গিয়ার নামক এক সাহেব মৃত্যুমুখে পতিত হইয়াছেন।

———

সিরাজগঞ্জের বিবেকানন্দ সমিতির কর্ম্মী জ্যোতিষচন্দ্র ভৌমিক একটি কলেরার রোগীর সেবা করিতে যাইয়া নিজেই ঐ রোগাক্রান্ত হইয়া মারা গিয়াছেন।

---

মুসাম্মত রিযান নাম্নী একটী বালিকা বধূকে হত্যা করার অপরাধে বালিকার স্বামী ব্রীজলাল এবং শাশুড়ী লায়ালপুরের দায়রা আদালত কর্ত্তৃক প্রাণদণ্ডে দণ্ডিত হইয়াছে।

---

## প্রাপ্ত।

মহাশয়,

নিম্নলিখিত বিষয়টী আপনার সুবিখ্যাত পত্রিকায় স্থান দিয়া চিরানুগৃহীত করিবেন।

যে সমস্ত লোক দুর্ভিক্ষে পড়িয়া খাদ্যাভাবে মারা গিয়াছে তাহার একটী তালিকা 'হিতবাদী' নামক বিখ্যাত সংবাদ পত্রে বাহির করিয়াছিলাম। তন্মধ্যে ত্রিপদ নামক লোকটী মথুরাপুরের নহে, তন্নিকটবর্ত্তী কুলোড়ী নামক গ্রামের; ত্রিপদ দুর্ভিক্ষে পড়িয়া গত ফাল্গুন মাসে বহরমপুর অঞ্চলে পলাইয়া যায় পরে আষাঢ় মাসে তথা হইতে নিজ গ্রামে পুনরায় ফিরিয়া আসে কিন্তু দুর্ভিক্ষের কষ্টে জর্জ্জরিত হইতে হইতে খাদ্যাভাবে কালের করাল কবলে পতিত হইয়া ভবযন্ত্রণা হইতে মুক্তি পায় তাহার পিতার নাম ছিল তেহু কুনাই। ত্রিপদের এখন করুণাময়ী নামে একটী কন্যা ও তাহার অনাথিনী স্ত্রী উক্ত কুলোড়ী গ্রামে বাস করিতেছে। কংগ্রেস কমিটী হইতে সিদ্ধিকালী নিবাসী বাবু বিজয় ঘোষাল মহাশয় ইহাদিগকে সেই অবধি চাউল সাহায্য করিতেছেন নচেৎ এতদিন ইহাদেরও ভবযন্ত্রণা লাঘব হইয়া যাইত। এক্ষণে লোক পরম্পরায় অবগত হইলাম যে মথুরাপুরে প্রভাস নামে একটি লোক খাদ্যাভাবে আশ্বিন মাসের ১ম সপ্তাহে মারা গিয়াছে।

সুতী থানার ২টি, রঘুনাথগঞ্জ থানার ৪টি (রাঢ় অংশের) ও সাগরদীঘি থানার ১১টি মোট ১৭টি গ্রুপে ভীষণ দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে। গভর্ণমেণ্ট হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ কৃষি ঋণ ও ক্ষুদের ব্যবস্থা হইয়াছে ও কোন কোন স্থানে কিছু কিছু কার্য্যেরও (মজুর শ্রেণীর লোকদিগের জন্য) ব্যবস্থা হইয়াছে। কিন্তু কাপড়ের অভাবে লোকের বড়ই কষ্ট উপস্থিত হইয়াছে বহু নরনারী বিবস্ত্র অবস্থায় আছে। এজন্য 'জঙ্গিপুর সংবাদ' নামক খবরের কাগজে লালগোলার পরম মাননীয় দানবীর মহারাজা বাহাদুরকে বিবস্ত্র নরনারীকে কাপড় দিবার জন্য পুনঃপুঃ অনুরোধ করা হইল। কিন্তু দরিদ্রগণের দুর্ভাগ্যহেতু খুব সম্ভব সেই কাগজে মহারাজা বাহাদুরের দৃষ্টি নিপতিত হয় নাই। এজন্য পুনরায় আকুল প্রাণে লালগোলার মহারাজা বাহাদুরকে অনুরোধ করিয়া তাঁহার দৃষ্টি এই দিকে আকর্ষিত করিয়া অনুরোধ করিতেছি তিনি যেন অন্ততঃ পক্ষে ১৭টী গ্রুপের বিবস্ত্র নরনারীর জন্য প্রত্যেক গ্রুপে ২০০৲ টাকা হিসাবে ৩৪০০৲ কাপড় প্রেসিডেণ্ট পঞ্চায়েত মহাশয়গণ মারফতে বিলির বন্দোবস্ত করেন।

আজিমগঞ্জ নওলক্ষা এষ্টেটের মালিক দয়ার অবতার স্বরূপ তরুণ যুবক বাবু নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা মহোদয় প্রত্যেক সপ্তাহে বোখারা কাছারীতে প্রায় ৮০।৯০ মণ করিয়া চাউল বিতরণ ও অন্ধ খঞ্জকে কাপড় দিতেছেন। এজন্য নিতান্ত আকুল প্রাণে তাঁহার দৃষ্টি এই দিকে আকর্ষিত করিতেছি আশা করি তিনি অচিরে উক্ত ১৭টি গ্রুপের বিবস্ত্র নরনারীর জন্য প্রেঃ পঞ্চায়েৎ মহাশয়গণ মারফতে অন্ততঃ পক্ষে প্রত্যেক গ্রুপে ২০০৲ টাকা হিসাবে ৩৪০০৲ টাকার কাপড় সাহায্যের ব্যবস্থা করিবেন। নচেৎ এই হেমন্তকালেই লোকে শীতে নিতান্ত কাতর হইয়া পড়িয়াছে শীতকালে বিবস্ত্র নরনারীর যে কি কষ্ট হইবে তাহা বর্ণনা করিবার শব্দ ভাষায় নাই। আশা করি লালগোলার পরম মাননীয় মহারাজা বাহাদুর ও আজিমগঞ্জস্থ তরুণ যুবক বাবু নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা মহোদয় উভয়ে এই ১৭টী গ্রুপের বিবস্ত্র নরনারীর বস্ত্র কষ্ট খণ্ডাইতে যত্নবান হইবেন।

ইতি

সৈয়দ সায়েফউদ্দিন।

ভাইস প্রেসিডেণ্ট নির্জ্জাপুর এম, ই, স্কুল।

২২।১০।২৮ নওদা, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

## শক্তি ভিক্ষা।

(রামপ্রসাদী সুর)



বল দে মাগো আমার বুকে।
(আমার) পিঠের চামড়াও কর মা শক্ত
(যেন) রক্ত পড়েনা চাবুকে॥

অরুচি ধরেছে মাগো
কেবলি একঘেয়ে সুখে।
(একবার) মুখ বদলিয়ে দে মা তারা,
রকম রকম নূতন দুখে॥

আমার মাংস খাবে ব'লে,
হিংস্র প্রাণী আস্‌ছে ঝুঁকে।
ঐ আশাতেই উড়ছে শকুন,
হুমকী ছাড়ছে বাঘ ভালুকে॥

ঠ্যাঙের হাড় চিবুবে ব'লে,
দেখনা বসে কুকুর ধুকে।
(কিন্তু) তোর ছেলে যে মর্‌ছে না মা,
ছাই পড়িবে ওদের মুখে॥

ইন্দ্রের বজ্র, যমের দণ্ড,
সামনে যদি দাঁড়ায় রুখে।
এমন শক্তি দিস্ মা শক্তি!
(যেন) দাঁড়াতে পারি বুক ঠুঁকে॥

---

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্ক্সএর
চাঁদ মার্কা পাচন
ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।
নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।
ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।
সর্ব্বত্র এজেণ্ট আছে।
সোল এজেণ্টস্ -
বসাক ফ্যাক্টরী
৩ নং ব্রজদুলাল ষ্ট্রীট
কলিকাতা

## ঔষধ ও পুরস্কার

## মহাবল হালুয়া



অশ্বগন্ধা, শতমুলী, তালমুলী (curculigo orchioides) ভুঁইকুমড়া, আলকুশী (Mucana Pruciens) সালেমমিশ্রী প্রভৃতি শ্রেষ্ঠ পুষ্টিকর ও সর্ব্বধাতুপোষক উপাদান দ্বারা প্রস্তুত—স্নায়বিক দৌর্ব্বল্য, ধাতুদৌর্ব্বল্য, ওজঃক্ষয় স্মৃতি-শক্তিহীনতা, বীর্য্যতারল্য প্রভৃতি রোগের বল, বীর্য্য, মেধা ও প্রাণবিবর্দ্ধক মহৌষধ শিক্ষক ছাত্র ও মস্তিষ্কচালনাকারিদিগের পরম সুহৃদ্। ২০ দিন সেবনোপযোগী আধ পোয়ার মূল্য ১॥০ ডাক মাশুল স্বতন্ত্র।

### ঘৃতকাঞ্চন যোগ বা ওজঃধৃতিঃ।

বীর্য্যস্তম্ভ বাজীকরণ ও রসায়ণাধিকারে সর্ব্বোৎকৃষ্ট

প্রত্যক্ষ ফলপ্রদ মহৌষধ।

সর্ব্বপ্রকার প্রমেহ, প্রস্রাবের সহিত সর্করা, শুক্র বসা, মজ্জা প্রভৃতি ক্ষরণ অতি সত্বর নিবারণ করতঃ শরীর নবশক্তিসম্পন্ন ও স্ফূর্ত্তিযুক্ত করিয়া ধ্বংসোন্মুখ স্বাস্থ্যের পুনর্গঠনে, হতাশ জীবনকে বল, বীর্য্য, আনন্দ ও সাহসিকতায় পরিপূর্ণ করিয়া তুলে। ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, আংশিক বা সম্পূর্ণ শৈথিল্য, শারীরিক কৃশতা প্রভৃতি রোগ নাশ করিতে ইহার শক্তি অদ্বিতীয়। ১৫ দিন ব্যবহারে আশাতীত ফললাভ করিবেন ও শরীরের ওজন বৃদ্ধি পাইবে। ৭ দিনের ঘৃত ও স্বর্ণঘটিত বটীকার মূল্য ৩৲ ডাক মাশুল পৃথক।

### সুদর্শন চূর্ণ।

সর্ব্বপ্রকার নূতন ও জটিল জুরাতন জ্বরের কুইনাইন বর্জ্জিত শাস্ত্রীয় মহৌষধ। বাজারের সমস্ত রকম পেটেন্ট ঔষধ বিফল হইলে স্থায়ী ফললাভের জন্য ইহাই মাত্র ১ কৌটা পরীক্ষা করিতে অনুরোধ করি। ১৪ মাত্রা ১৲ ডাক মাশুল স্বতন্ত্র।

### দন্তরোগারি চূর্ণ বা আশ্চর্য্য দন্তমঞ্জন।

নিয়মিতভাবে আয়ুর্ব্বেদোক্ত দাঁতের মাজন ব্যবহার করিয়া দাঁত ও মুখের যত্ন করিলে শতকরা ৯৫টী রোগের আক্রমণ হইতে মুক্ত থাকা যায়। ইহা সর্ব্বদেশের সকল চিকিৎসা শাস্ত্রই মুক্তকণ্ঠে স্বীকার করিয়া থাকে। দুই বৎসরের শিশু হইতে আবাল বৃদ্ধ বনিতা সকলেরই আয়ুর্ব্বেদোক্ত দন্তমঞ্জন দ্বারা মুখ ও দাঁত পরিস্কার রাখা উচিত। দন্তরোগারি চূর্ণ নিয়মিত ব্যবহারে দাঁতের মাড়ি ফোলা, ব্যথা, পুঁজ ও রক্তপড়া, অকালে দাঁত নড়া আশ্চর্য্যরূপে নিবারণ করতঃ হজম শক্তি বৃদ্ধি করে ও শরীর নীরোগ থাকে। এক কৌটা তিন আনা মাত্র। তিন কৌটার কম ভিঃ পিঃ করা হয় না।

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি, এ,**

প্রতিষ্ঠাতা—ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন।

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

দ্রষ্টব্য:—২০শে অগ্রহায়ণ মধ্যে যাঁহারা জঙ্গিপুর সংবাদ পত্রের নামোল্লেখ করিয়া ওজঃধৃতি ক্রয় করিবেন তাঁহাদের মধ্যে লটারি করিয়া ৩টী পুরস্কার দেওয়া হইবে। ১ম পুরস্কার ৩৲ মূল্যের ৭ দিনের ওজঃধৃতি, ২য় ১ কৌটা মহাবল হালুয়া, ৩য় ২ কৌটা দন্তমঞ্জন।

---

## ব্যাঙের ঐ কট কট্ শব্দেই সাবধান হ'ন!




বর্ষার জলে যখন খানা ডোবা গুলি ভেসে যায় ব্যাঙের কট্ কট্ শব্দে প্রাণ অস্থির ক'রে তোলে। মশার উপদ্রবও সেই সময়েই বাড়ে ও সঙ্গে সঙ্গে ম্যালেরিয়া ছড়ায়।

ম্যালেরিয়ায় আক্রান্ত হ'লে

——অমৃতাদি বটিকা——

ব্যবহার ক'রবেন। বিগত ৫০ বছরে অনেকেই সুফল পেয়েছেন। ৪৫ বটিকা পূর্ণ এক কৌটা ১৲ এক টাকা।


**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**

২৯ কলুটোলা, কলিকাতা।

---

সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

## গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

**ন্যাশন্যাল হারমোনিয়ম কোং**

৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮

---

## 'সত্যের জয়'

## "মোহিনী"

বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিবা লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

**মুলজি সিক্কা এণ্ড কোং**

হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি,)

বিনা মূল্যে! বিনা মূল্যে!! বিনা মূল্যে!!!



## শ্বেতকুষ্ঠ (ধবল)

আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।০ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।/০ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥/০ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।/০ আনা।



## বৃদ্ধ কেন?



### রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵০ টাকা। ছোট শিশি ॥৵০ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

**রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।**

১৫২, হ্যারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।



MOTOR CARS  MOTOR BUS

## THE NEW FORD.

## নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

**দাম—২৪৫০৲ টাকা।** কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেণ্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

**বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।**

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)



## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

**ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্‌স**

৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।



শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

।০ পোয়া ২৲ টাকা।

অজীর্ণে—ভাস্কর লবণ ।৵০ পোয়া ৮০ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ॥০ আনা, রামবাণ ১০০ বটী ৮০ আনা।

ধাতুদৌর্ব্বল্যে—মদনানন্দমোদক ।০ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৮০ আনা।

কাসে—চন্দ্রামৃতরস ৫০ বটী ১॥০ টাকা, চ্যবনপ্রাশ ।১ সের ৩৲ টাকা।

ঠিকানা :—

কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ

গঙ্গাধর নিকেতন, মালদহ।



## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।




বসাকের "চেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

**বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।**

টেলিগ্রাফের ঠিকানা—
"সিন্‌কোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩,
বড়বাজার।



## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম /৫, /১০

পোষ্টবক্স—৬৪৩]

[টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩৷০, ৫।০, ৬।৵০, ৮৸৵০, ১০৸৵০। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

**এম, ভট্টাচার্য্য এণ্ড কোং**

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

## দুঃখের দিন অবসান।

করিতে "আতঙ্ক নিগ্রহ বটীকা" সক্ষম। যেহেতু, এই বটীকা সেবনে স্বপ্নদোষ, শুক্রতারল্য, অজীর্ণ, কোষ্ঠ কাঠিন্য, মেধা শক্তির হ্রাস, প্রস্রাবের পীড়া, অকালিক ক্ষয় প্রভৃতি পুরুষের রোগ এবং শ্বেতপ্রদর, গর্ভাশয়ের বিকৃতি ও জরায়ু সম্বন্ধীয় স্ত্রীলোকের রোগ দূর করতঃ নবজীবন প্রদান করিয়া থাকে। এই বটীকা প্রায় অর্দ্ধ শতাব্দী হইতে জগতের কল্যাণ করিতেছে। এই বটীকার বিশেষত্ব এই যে, সুস্থ ও অসুস্থ উভয় অবস্থায়ই ব্যবহার চলে। ঔষধের গুণ অপেক্ষা মূল্য অতি কম। ১৬ দিনের ব্যবহারোপযোগী ৩২ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র।

প্রাপ্তিস্থান ঃ—

বৈদ্য শাস্ত্রী।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

জঙ্গিপুর সংবাদ আফিস।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র : মাশুলাদি ১।৶৹ এক টাকা পাঁচ আন।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ষ্ট্যাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## ইলেক্ট্রিক সলিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৹ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।


**সোল এজেন্ট—ডাঃ ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিল—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া,
বাগী,
কাকবিড়ালা,
ঠুন্‌কা,
উরুস্তম্ভ,
শীতলী,
ভগন্দর,
ব্রণ,
পৃষ্ঠব্রণ,







বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত